

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভাপতি : মো: জিয়াউল হক মীর
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কক্ষ
সভার সময় : সকাল: ১২.৩০ ঘটিকা
তারিখ: : ২৬ জানুয়ারি, ২০২২ খ্রি.
উপস্থিতির স্বাক্ষর : পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

পৌরসভা ভাতা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সম্মানিত সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের আহ্বান জানান।

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	১. বয়স্ক ভাতার তালিকা সংক্রান্ত আলোচনা সদস্য সচিব জানান যে, সমাজসেবা অধিদফতরের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪৯.১৬.০২৬.২১.৮৯৫, তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি. মূলে বসুরহাট পৌরসভায় ১৪০০ জনের বরাদ্দ পাওয়া যায়। ২৫/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বয়স্ক ভাতা প্রদানযোগ্য সর্বমোট ২১৮ জনের তালিকা পাওয়া যায়।	সভার সদস্যদের সম্মতিক্রমে ২১৮ জনের তালিকা চূড়ান্ত করা হয়।	উপজেলা সমাজসেবা কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
০২।	২. ভাতার কোটা স্থানান্তর সংক্রান্ত আলোচনা: সদস্য সচিব জানান যে, ১৪০০ জনের বিপরীতে ২১৮ জনের তালিকা পাওয়া যায়। অবশিষ্ট ১১৮২ জনের কোটা বয়স্ক ভাতা কর্মসূচি নীতিমালা (সংশোধিত) ২০১৩ এর ১৪ এর ৮ অনুযায়ী “কোন ইউনিয়ন/ পৌরসভা/উপজেলা/সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে তার পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/সিটি কর্পোরেশন যেখানে অধিক সংখ্যক ভাতাপ্রাপ্তির যোগ্যতা ব্যক্তি রয়েছে, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে অবশিষ্ট কোটা স্থানান্তর করা যাবে”	সভার সকল সদস্যদের সর্বসিদ্ধান্তক্রমে বসুরহাট পৌরসভায় বরাদ্দকৃত ১৪০০ জনের মধ্যে যোগ্যতা সম্পন্ন ২১৮ জন বাদে উদ্বৃত্ত ১৪০০-২১৮=১১৮২ জনের কোটা কোম্পানীগঞ্জ উপজেলার ৮টি ইউনিয়নে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা বয়স্ক ভাতা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে কোম্পানীগঞ্জ উপজেলার ৮টি ইউনিয়নে উদ্বৃত্ত বয়স্ক ভাতা বিভাজন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা সমাজসেবা কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভার সমাপ্তে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানান এবং বর্ধিত/অতিরিক্ত ভাতাভোগীর সকল মোবাইল ব্যাংক হিসাব খোলার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও পে-রোল প্রেরণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে নির্দেশনা প্রদান করেন। সবার সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: জিয়াউল হক মীর)
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

ও

সভাপতি

পৌরসভা ভাতা বাস্তবায়ন কমিটি
কোম্পানীগঞ্জ, নোয়াখালী